# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

মক্কার হারাম এলাকার সীমানা কতটুকু? গোটা মক্কা কি হারামের অন্তর্ভুক্ত?

আলহামদুলিল্লাহ (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য)।

মক্কার হারাম এলাকা সুনির্দিষ্ট। হারামের চতুর্দিকে সীমানা-পিলার বসানো আছে এবং পিলারের উপর সাধারণ মানুষের বুঝার জন্য তথ্য লেখা আছে।

ইমাম নববি বলেন:

মদিনার দিকে মক্কার হারাম এলাকার সীমানা হচ্ছে মক্কা থেকে ৩ মাইল দূরে তানয়ীমের আগে বনি নিফার গোত্রের বাড়িঘরের কাছাকাছি। ইয়েমেনের দিকের সীমানা হচ্ছে- মক্কা থেকে ৭ মাইল দূরে আদাত লাবানের প্রান্তভাগ। তায়েফের দিকের সীমানা হচ্ছে- মক্কা থেকে ৭ মাইল দূরে আরাফা ময়দানের নামিরার নীচুভূমি। ইরাকের দিকের সীমানা হচ্ছে- মক্কা থেকে ৭ মাইল দূরে আল-মুকাত্তা নামক স্থানের পাহাড়ি পথ পর্যন্ত। আল-জিয়িরানার দিকের সীমানা হচ্ছে- মক্কা থেকে ৯ মাইল দূরে আব্দুল্লাহ বিন খালেদ বংশের গিরিপথ। জেদ্দার দিকের সীমানা হচ্ছে- মক্কা থেকে ১০ মাইল দূরে ‘মুনকাতিউল আ’শাশ’ নামক স্থান পর্যন্ত।[আল-মাজমু (৭/৪৬৩) থেকে সমাপ্ত]

ফিকহি বিশ্বকোষ (১৭/১৮৫-১৮৬) এ এসেছে-

মদিনার দিকে হারামের সীমানা হচ্ছে- মক্কা থেকে ৩ মাইল দূরে তানয়ীম নামক স্থানে। মালেকি আলেমগণের কিতাবে আছে- ৪ বা ৫ মাইল। তানয়ীম এর শুরু হচ্ছে- মক্কার দিকে সুকইয়া এর বাড়ীঘরের কাছ থেকে। এগুলোকে নিফারের ঘরবাড়িও বলা হয়। বর্তমানে এটি আয়েশা-মসজিদ নামে পরিচিত। কাবার মাঝে ও তানয়ীমের মাঝের স্থানটুকু হারাম এলাকা। তানয়ীম হালাল এলাকা।

ইয়ামেনের দিকের সীমানা হচ্ছে- ৭ মাইল; আদাত লাবান নামক স্থান পর্যন্ত।

জেদ্দার দিকের সীমানা হচ্ছে- ১০ মাইল; হুদাইবিয়ার শেষ প্রান্ত মুনকাতিউল আ’শাশ নামক স্থান পর্যন্ত। হুদাইবিয়া হারামের অংশ।

জিয়িররানার দিকের সীমানা হচ্ছে- ৯ মাইল; আব্দুল্লাহ বিন খালেদ গিরিপথ পর্যন্ত।

ইরাকের দিকের সীমানা হচ্ছে- ৭ মাইল; জাবালে আল-মুকাত্তা এর পাহাড়ি পথ পর্যন্ত। মালেকিদের কিতাবে উল্লেখ করা হয়েছে- ৮ মাইল।

তায়েফের দিকের সীমানা হচ্ছে- ৭ মাইল; উরানা এর প্রান্তভাগ ও আরাফার ময়দানের নামিরা পর্যন্ত।

হারাম এলাকার সীমানা নির্ধারণের এ মতভেদ সম্ভবত মাইলের হাত ও এর প্রকারভেদ নির্ধারণের সাথে সম্পৃক্ত। মাইল গণনা শুরু হবে হাজারে আসওয়াদ থেকে।

বর্তমানে হারামের সীমানা বিভিন্ন দিক থেকে মিনারের ন্যায় সুস্পষ্ট পিলারের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে এবং পিলারের গায়ে আরবী ও অনারবী ভাষায় এর পরিচয় লেখা আছে।[সমাপ্ত; আরও জানতে পড়ুন (৫/২৫৮-২৫৯)]

এক মাইল সমান ১৮৪৮ মিটার।

যে জায়গাটি এ পিলারের ভেতরে পড়বে সে স্থানটিকে মক্কার হারাম এলাকা। এ জায়গার ক্ষেত্রে শরিয়তের বিশেষ বিধানগুলো প্রজোয্য হবে; স্থানটির অফিসিয়াল নাম যেটাই হোক না কেন। আর যে স্থান এ পিলারগুলোর বাইরে পড়বে সে স্থান মক্কার হারাম এলাকার অন্তর্ভুক্ত নয়। হারাম এলাকার কোন হুকুম সে স্থানের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এমনকি সে জায়গাটিকে যদি লোকেরা মক্কা বলে ডাকে তবুও অথবা সময়ের ব্যবধানে মানুষ যদি সে স্থানকে মক্কার একটি এলাকা মনে করে তবুও।

আরও জানতে 124812 নং প্রশ্নোত্তর দেখুন।

আল্লাহই ভাল জানেন।

## ফুটনোট

http://islamqa.info/bn/177189

Source — https://www.hadithbd.com/books/link/?id=3261

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন